

ঢাকা মেডিক্যালকে ভার্শিটি করার সিদ্ধান্ত চূড়ান্ত

নার্স-কর্মচারীদের আন্দোলন চলছেই

■ বিশেষ প্রতিনিধি

ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার সিদ্ধান্ত প্রত্যাহার না হওয়া পর্যন্ত নার্স, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের আন্দোলন অব্যাহত থাকবে। গতকাল বৃহস্পতিবার নার্স, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী সংগ্রাম পরিষদের এক সভায় এ ঘোষণা দেয়া হয়। এদিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালকে বিশ্ববিদ্যালয় করার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের মন্ত্রি কমিশন ও পিকা মন্ত্রণালয়ের অনুমতি নেয়া হয়েছে। শুরু হয়েছে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো তৈরির কাজ। দ্রুত তা শেষ হবে। এরপরই আনুষ্ঠানিকভাবে শুরু হবে ঢাকা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয় করা নিয়ে ডাক্তার, প্রশাসন ও বিভিন্ন সংগঠন দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছে।

ঢাকা মেডিক্যালকে

চতুর্থ শ্রেণীর কর্মচারী সংগ্রাম পরিষদের

এক সভায় এ ঘোষণা দেয়া হয়। এদিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালকে বিশ্ববিদ্যালয় করার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের মন্ত্রি কমিশন ও পিকা মন্ত্রণালয়ের অনুমতি নেয়া হয়েছে। শুরু হয়েছে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো তৈরির কাজ। দ্রুত তা শেষ হবে। এরপরই আনুষ্ঠানিকভাবে শুরু হবে ঢাকা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয় করা নিয়ে ডাক্তার, প্রশাসন ও বিভিন্ন সংগঠন দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছে।

গতকাল নার্স, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত কর্মবিরতি পালন করে। কর্মবিরতি শেষে নার্স, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা সমাবেশ করে। নার্স, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী সংগ্রাম পরিষদের যুগ্ম-আহ্বায়ক করিমা খাতুনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন পরিষদের সদস্য সচিব আব্দুল খালেক, সদস্য শামসুল আলম, এম হান্নান, আবু সাঈদ, এস.এম রব, মোহাম্মদ এনাযুল হক, মোহাম্মদ দিপু প্রমুখ।

সভায় নেতৃত্ব দেন বলেন, আগামীকাল শনিবার সকাল ১০টায় হাসপাতালের বিধিবিভাগে সমাবেশ হবে। নার্স, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী সংগ্রাম পরিষদের এ সমাবেশ থেকে বৃহত্তর আন্দোলনের ঘোষণা দেয়া হবে।

সভায় বক্তারা আরো বলেন, প্রয়োজনে যুগ্ম বা কুর্ষিটোলার নির্মাণাধীন ৫শ বেডের হাসপাতালকে ঢাকা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় করা হোক।